# মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান

২০০ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল
লালকুঠি বাজার, মিরপুর-১, ঢাকা-১২১৬

***Hotline No: +8801313354404***

প্রতিষ্ঠান পরিচিতি

"মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান" ও ২০০ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন একটি প্রতিষ্ঠান। প্রথম পর্যায়ে ২০০৬ সালে সম্পূর্ণ সরকারি অর্থায়নে "Establishment of Maternal and Child Health Training and Research Institute (MCHTRI)" at Lalkuthi, Mirpur, Dhaka প্রকল্পের মাধ্যমে প্রতিষ্ঠানটির নির্মাণ কাজ শুরু হয়। অসমাপ্ত অবস্থায় প্রকল্পটির কাজ শেষ হয় জুন ২০০৯ সালে। দ্বিতীয় পর্যায়ে সম্পূর্ণ সরকারি অর্থায়নে "লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ" প্রকল্পের মাধ্যমে প্রতিষ্ঠানটির পুনরায় নির্মাণ কাজ শুরু হয়। উক্ত প্রকল্পের মেয়াদ ছিল জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০১৯ সাল পর্যন্ত। ৩০ জুন/২০১৯ প্রকল্পের কাজ সফলভাবে সম্পন্ন হয়। প্রতিষ্ঠানটিতে ১০ তলা বিশিষ্ট একটি হাসপাতাল ভবন ও ৬ তলা বিশিষ্ট ৩টি আবাসিক ভবন রয়েছে । প্রকল্প শেষ হওয়ার পর ১ জুলাই ২০১৯ সাল থেকে প্রতিষ্ঠানটি রাজস্বখাতভুক্ত হয়। ১ জুলাই ২০১৯ সাল থেকে বহিঃ বিভাগের মাধ্যমে সীমিত পরিসরে মাতৃ, শিশু, প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম শুরু করা হয়। ১০ এপ্রিল ২০২০ থেকে ১৫ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশক্রমে নিবেদিত কোভিট হাসপাতাল হিসাবে কার্যক্রম পরিচালনা করা হয়। ১ অক্টোবর ২০২০ তারিখ থেকে পুনরায় বহিঃ বিভাগের মাধ্যমে মাতৃ,শিশু, প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম শুরু করা হয়। বর্তমানে বহিঃ ও আন্তঃ বিভাগের সেবা কার্যক্রম চলমান ।

<u>প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠার উদ্দেশ্য</u>

(১) ২০০ শয্যা বিশিষ্ট (আন্তঃ ও বহিঃ বিভাগ) হাসপাতালের মাধ্যমে মাতৃ স্বাস্থ্য ও শিশু স্বাস্থ্য সেবা, কৈশোরকালীন স্বাস্থ্য সেবা, প্রজনন স্বাস্থ্য সেবা, পুষ্টি সেবা ও অন্যান্য সেবা প্রদান করা।

(২) নিরাপদ মাতৃত্ব সেবা, শিশু স্বাস্থ্য সেবার মাধ্যমে সরকারের এসডিজি এর লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করা।

(৩) পরিবার পরিকল্পনা সেবা প্রদানের মাধ্যমে সরকারের কাংখিত প্রজনন হার অর্জনে সহায়তা করা।

(৪) প্রশিক্ষণের মাধ্যমে বিশেষায়িত এবং দক্ষ জনশক্তি তৈরি করা।

(৫) উপজেলা পর্যায়ে এমসিএইচ-এফপি ইউনিট এবং জেলা পর্যায়ে মা ও শিশুকল্যাণ কেন্দ্রের মধ্যে সংযোগ স্থাপনের মাধ্যমে Tertiary Level' এর একটি সেবাকেন্দ্র হিসেবে গড়ে তোলা।

(৬) প্রতিষ্ঠানটিকে একটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) নির্ভর Digitalized সেবা কেন্দ্র হিসেবে গড়ে তোলা।

প্রতিষ্ঠান বিষয়ক তথ্য

**প্রতিষ্ঠানটির কার্যক্রম চারটি ইউনিটের মাধ্যমে পরিচালিত -**

ক) প্রশাসন ইউনিট

খ) হাসপাতাল ইউনিট।

গ) প্রশিক্ষণ ইউনিট

ঘ) নার্সিং ইউনিট

**প্রতিষ্ঠানটিতে দুই ধরণের কার্যক্রম হয়-**

ক. ২০০ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল কার্যক্রম (আন্তঃ ও বহিঃ বিভাগ )

খ. প্রশিক্ষণ কার্যক্রম

**ক. ২০০ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল কার্যক্রম (আন্তঃ ও বহিঃ বিভাগ)**

হাসপাতালের বিভাগসমূহ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | প্রসূতি ও গাইনি (স্ত্রীরোগ) বিভাগ | | | ১২৫ শয্যা |
| | ১.১. | প্রসূতি বিভাগ | ১১০ শয্যা | |
| | ১.২ | গাইনি (স্ত্রীরোগ) বিভাগ | ১৫ শয্যা | |
| ২. | শিশু বিভাগ | | | ৭০ শয্যা |
| | ২.১ | নবজাতক বিভাগ | ২০ শয্যা | |
| | ২.২ | শিশু বিভাগ | ৫০ শয্যা | |
| ৩. | | প্রজনন স্বাস্থ্য বিভাগ (পরিবার পরিকল্পনা) | | ০৫ শয্যা |
| | | মোট শয্যা সংখ্যা | | ২০০ শয্যা |

৪. এ্যানেসথেসিয়া বিভাগ ৫. নার্সিং বিভাগ ৬. বন্ধ্যাত্ব বিভাগ ৭. জরুরী বিভাগ ৮. রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগ ৯. ল্যাব মেডিসিন বিভাগ ১০.রক্তসঞ্চালন বিভাগ ১১. ফার্মেসি বিভাগ ১২. পুষ্টি বিভাগ ১৩. স্বাস্থ্য শিক্ষা বিভাগ ১৪. কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিভাগ

বিভাগ ভিত্তিক সেবা সমূহ

**প্রসূতি ও গাইনি (স্ত্রীরোগ) বিভাগের সেবাসমূহ-**

( ১) গর্ভকালীন সেবা ( ২ ) গর্ভবতী মহিলাদের পুষ্টি সেবা (৩) নরমাল ডেলিভারী সেবা (৪ ) ব্যথা মুক্ত নরমাল ডেলিভারী সেবা (৫ ) যন্ত্রের মাধ্যমে ডেলিভারী সেবা ( ৬) সিজারিয়ান ডেলিভারী সেবা (৭ ) প্রসব পরবর্তী সেবা ( ৮) প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা (৯ ) মহিলাদের স্ত্রীরোগ সম্পর্কিত সেবা (১০ ) মহিলাদের প্রজনন স্বাস্থ্য ও যৌনবাহিত রোগের সেবা।

**শিশুবিভাগ এর সেবাসমূহ-**

( ১) শিশুদের সকল ধরণের চিকিৎসা সেবা (২ ) নবজাতকের বিশেষায়িত (SCANU) স্বাস্থ্য সেবা ( ৩) ইপিআই (মা, কিশোরী ও শিশু) সেবা ( ৪) শিশুদের পুষ্টি সেবা (৫ ) মাতৃ দুগ্ধপান কর্ণারের মাধ্যমে সেবা (৬ ) স্নায়ু বিকাশজনিত সমস্যায় আক্রান্ত শিশুদের সেবা।

**বন্ধাত্ব বিভাগের সেবাসমূহ-**

(১ ) মহিলা ও পুরুষের বন্ধাত্বের কারণ নির্ণয় ও চিকিৎসা (২ ) স্থায়ী পদ্ধতি গ্রহণকারী মহিলা ও পুরুষগণের পূনরায় সন্তান জন্মদানের লক্ষ্যে সেবা।

**প্রজনন স্বাস্থ্য বিভাগ (পরিবার পরিকল্পনা) এর সেবাসমূহ–**

পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ,পরিবার পরিকল্পনা বিষয়ক বিভিন্ন পদ্ধতি প্রদান (ক) খাবার বড়ি (খ) কনডম (গ) ইনজেকশন (ঘ) আইইউডি/কপারটি (ঙ) ইমপ্ল্যান্ট (চ) স্থায়ী পদ্ধতি-পুরুষ (এনএসভি) (ছ) স্থায়ী পদ্ধতি-মহিলা (টিউবেকটমি) (জ) পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারজনিত পার্শ্ব-প্রতিক্রিয়া ও জটিলতার সেবা এবং প্রয়োজনে আন্ত বিভাগে ভর্তির ব্যবস্থা (ঝ) জরুরী গর্ভনিরোধক খাবার বড়ি (ইসিপি) (ঞ) মাসিক নিয়মিতকরণ (এমআর) সেবা (ট) গর্ভপাত পরবর্তী (প্যাক) সেবা।

**এ্যানেসথেসিয়া বিভাগের সেবাসমূহ-**

(১) ৫ শয্যা বিশিষ্ট আই সি ইউ সেবা (২) অস্ত্রোপচার সংক্রান্ত সেবা (৩) অস্ত্রোপচারের পূর্ববর্তী চেক-আপ (৪) অস্ত্রোপচারকালীন ব্যবস্থাপনা (৫) অস্ত্রোপচারের পরবর্তী ব্যবস্থাপনা (৬) ব্যথা মুক্ত নরমাল ডেলিভারী সেবায় সহায়তা করা।

**জরুরী বিভাগের সেবাসমূহ**

(১ ) ২৪/৭ ঘন্টা জরুরী বিভাগের মাধ্যমে মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা (২ ) ২৪/৭ ঘন্টা রোগীদের জন্য এম্বুলেন্স সেবা

**রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগের সেবাসমূহ-**

(১ ) আন্তঃ ও বহিঃ বিভাগের সেবা গ্রহীতাদের আল্ট্রাসনোগ্রাম করা (২ ) আন্তঃ ও বহিঃ বিভাগের সেবাগ্রহীতাদের এক্স-রে করা (৩ ) আন্তঃ ও বহিঃ বিভাগের সেবাগ্রহীতাদের ই সি জি করা

**ল্যাব মেডিসিন বিভাগের সেবাসমূহ**

আন্তঃ ও বহিঃ বিভাগের সেবা গ্রহীতাদের রোগ নির্ণয়ের জন্য সকল ধরণের (রক্ত,প্রস্রাব,পায়খানা, ইত্যাদি) পরীক্ষা নিরীক্ষা করা।

**রক্ত সঞ্চালন বিভাগের সেবাসমূহ**

(১) রক্ত সঞ্চালনের পূর্বে রক্তদাতার রক্তদানের উপযুক্ততা যাচাই করা (২) চাহিদা অনুযায়ী সেবা গ্রহীতাদের রক্ত সঞ্চালনের ব্যবস্থা করা।

**ফার্মেসি বিভাগের সেবাসমূহ**

আন্তঃ ও বহিঃ বিভাগের সেবা গ্রহীতাদের ঔষধ সরবরাহ।

**পুষ্টি বিভাগের সেবাসমূহ-**

(১) আন্তঃ ও বহিঃ বিভাগে আগত সেবা গ্রহীতাদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান (২) আন্তঃ বিভাগে ভর্তি সেবা গ্রহীতাদের সরবরাহকৃত খাবার/পথ্যে পুষ্টিমান সঠিক রাখা।

**স্বাস্থ্য শিক্ষা বিভাগের সেবাসমূহ**

আন্তঃ ও বহিঃ বিভাগে আগত সেবা গ্রহীতাদের স্বাস্থ্য শিক্ষা প্রদান।

**কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য বিভাগের সেবাসমূহ**

কিশোর-কিশোরীদের বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক পরামর্শ ও চিকিৎসা প্রদান

## খ. মাতৃ ও শিশু স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম

বিশেষায়িত ও দক্ষ জনবল তৈরির জন্য প্রশিক্ষণ প্রদান-

(১) মাতৃ ও শিশু স্বাস্থ্য বিষয়ক (২) প্রজনন স্বাস্থ্য বিষয়ক (৩) পরিবার পরিকল্পনা বিষয়ক (৪) পুষ্টি বিষয়ক (৫) বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য বিষয়ক।

প্রশিক্ষণ কার্যক্রমের আওতা ও সুযোগ সুবিধা

- প্রশিক্ষনের জন্য ১১০০০ বর্গফুটের পৃথক ফ্লোর স্পেস
- ৭০-৮০ সংখ্যক আসন বিশিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত কনফারেন্স রুম
- ২৫-৩০ আসন বিশিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত ০২ টি ক্লাসরুম
- ১৫-১৮ আসন বিশিষ্ট শীতাতাপ নিয়ন্ত্রিত ০৪ টি ক্লাসরুম
- ক্লাসরুমে ইনবিল্ট মাল্টিমিডিয়া ও অটোস্ক্রিনের ব্যবস্থা
- ক্লাসরুমে ব্রড-ব্যান্ড সংযোগ সমৃদ্ধ ইন্টানেট সংযোগ
- ক্লাসরুমের পাশে ক্যান্টিন এবং খাবার ও নাস্তার সু-ব্যবস্থা
- পুরুষ ও মহিলাদের জন্য পৃথক ওয়াশরুম
- প্রশিক্ষণ প্রদানের জন্য অব্স এন্ড গাইনী, প্রজনন স্বাস্থ্, পরিবার পরিকল্পনা, কিশোর-কিশোরী, পুষ্টি এবং শিশু বিষয়ক বিশেষজ্ঞ চিকিৎসক বিদ্যামান।
- সার্বক্ষনিক প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করার জন্য ট্রেনিং কো-অডিনেটর এবং প্রভাষক বিদ্যমান।
- প্রশিক্ষনার্থীগণের আবাসিকভাবে থাকার জন্য ৩০ শয্যা বিশিষ্ট হোস্টেল বিদ্যমান।
- নিরাপত্তা প্রদানের জন্য সার্বক্ষনিক সশস্ত্র আনসার সদ্যসের ব্যবস্থা।

# জনবলের তথ্য

## রাজস্ব পদে সৃজনকৃত জনবলের তথ্য

| ক্রমিক নং | সৃজনকৃত পদের নাম | সৃজনকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| | চিকিৎসক কর্মকর্তা | |
| ১ | পরিচালক | ০১ |
| ২ | উপ-পরিচালক | ০১ |
| ৩ | সহকারি পরিচালক | ০১ |
| ৪ | সিনিয়র কনসালটেন্ট (গাইনি এন্ড অবস) | ০৬ |
| ৫ | সিনিয়র কনসালটেন্ট (শিশু) | ০৩ |
| ৬ | সিনিয়র কনসালটেন্ট (এ্যানেস্থেসিয়া) | ০১ |
| ৭ | জুনিয়র কনসালটেন্ট (গাইনি এন্ড অবস) | ০৩ |
| ৮ | জুনিয়র কনসালটেন্ট (শিশু) | ০৩ |
| ৯ | জুনিয়র কনসালটেন্ট (এ্যানেস্থেসিয়া) | ০২ |
| ১০ | জুনিয়র কনসালটেন্ট (রেজিওলজি ও ইমেজিং) | ০১ |
| ১১ | জুনিয়র কনসালটেন্ট (প্যাথলজি) | ০১ |
| ১২ | জুনিয়র কনসালটেন্ট (নবজাতক) | ০১ |
| ১৩ | জুনিয়র কনসালটেন্ট (সার্জারী) | ০১ |
| ১৪ | আবাসিক সার্জন | ০১ |
| ১৫ | আবাসিক ফিজিসিয়ান | ০১ |
| ১৬ | মেডিকেল অফিসার | ২৫ |
| ১৭ | প্রভাষক (ট্রেনিং) | ০২ |
| | মোট চিকিৎসক কর্মকর্তা | ৫৪ |
| | অন্যান্য কর্মকর্তা | |
| ১৮ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১ |
| ১৯ | পুষ্টিবিদ | ০১ |
| | অন্যান্য কর্মকর্তা মোট | ০২ |
| | নার্সিং কর্মকর্তা | |
| ২০ | সেবা তত্ত্বাবধায়ক | ০১ |
| ২১ | সেবা উপ তত্ত্বাবধায়ক | ০১ |
| ২২ | নার্সিং সুপারভাইজার | ০৪ |
| ২৩ | সিনিয়র স্টাফ নার্স | ৬০ |
| | মোট নার্সিং কর্মকর্তা | ৬৬ |
| | সাপোর্ট সার্ভিস কর্মকর্তা/স্টাফ | |
| ২৪ | পরিসংখ্যান কর্মকর্তা | ০১ |
| ২৫ | পরিসংখ্যান সহকারী | ০১ |
| ২৬ | হেলথ এ্যাডুকেটর | ০১ |
| ২৭ | মেডিকেল টেকনোলজিস্ট ( রেডিও:) | ০২ |
| ২৮ | মেডিকেল টেকনোলজিস্ট ( ল্যাব) | ০৪ |
| ২৯ | ফার্মাসিস্ট | ০৪ |
| ৩০ | সহকারী লাইব্রেরিয়ান | ০১ |
| ৩১ | প্রধান সহকারী | ০১ |
| ৩২ | হিসাব রক্ষক | ০১ |
| ৩৩ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ |
| ৩৪ | কিচেন সুপারভাইজার | ০১ |
| ৩৫ | স্টোর কিপার | ০১ |
| ৩৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ |

| | | |
|---|---|---|
| ৩৭ | টিকিট ক্লাক | ০২ |
| ৩৮ | রেকর্ড কিপার | ০১ |
| ৩৯ | লিলেন কিপার | ০১ |
| ৪০ | ওয়ার্ড মাষ্টার | ০১ |
| ৪১ | ইনস্ট্রুমেন্ট কেয়ারটেকার | ০১ |
| ৪২ | স্টেরিলাইজার কাম মেকানিক | ০১ |
| ৪৩ | কার্ডিওগ্রাফার | ০১ |
| ৪৪ | অফিস সহায়ক | ০৯ |
| | মোট সাপোর্ট সার্ভিস কর্মকর্তা/স্টাফ | ৩৯ |
| | সর্বমোট জনবল | ১৬১ |

**আউটসোর্সিং পদে সৃজনকৃত জনবলের তথ্য**

| ক্রমিক নং | সৃজনকৃত পদের নাম | সৃজনকৃত পদের সংখ্যা |
|---|---|---|
| ০১ | ইলেকট্রিশিয়ান | ০১ |
| ০২ | জেনারেটর অপারেটর | ০১ |
| ০৩ | বাবুর্চি | ০৩ |
| ০৪ | মালী / বাগানকর্মী | ০১ |
| ০৫ | সহকারীবাবুর্চি | ০৩ |
| ০৬ | ল্যাব এ্যাটেনডেন্ট | ০৪ |
| ০৭ | ওটি বয় / এ্যাটেনডেন্ট | ০৩ |
| ০৮ | লিফট অপারেটর | ০৩ |
| ০৯ | ওয়ার্ডবয় | ১৫ |
| ১০ | আয়া | ১০ |
| ১১ | নিরাপত্তাপ্রহরী | ০৬ |
| ১২ | পরিচ্ছন্নতাকর্মী | ১৫ |
| | সর্বমোট | ৬৫ |